

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং- স্বাঃ অধিঃ/হাসঃ/বিবিধ-২/১৪৩২

তারিখ: ৫/৯/২০১৭

জরুরী বিজ্ঞপ্তি

এই মর্মে সকল বেসরকারী হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার ও ব্লাড ব্যাংকের মালিকগণ এবং নতুন আবেদনকারীগণকে অবহিত করা যাচ্ছে যে, (ক) এখন থেকে বেসরকারী হাসপাতাল ও ক্লিনিক যেখানে অপারেশনের সুবিধা আছে ঐসব প্রতিষ্ঠানকে লাইসেন্স নবায়নের সময় কিংবা নতুন লাইসেন্স-এর জন্য আবেদনের সময় অবশ্যই নারকোটিক লাইসেন্স-এর কপি জমা দিতে হবে। (খ) বেসরকারী হাসপাতাল ও ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার এবং ব্লাড ব্যাংক-এর নতুন লাইসেন্স কিংবা নবায়নের আবেদনপত্র সরাসরি পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ)-এর দপ্তরে জমা দিয়ে রিসিভ কপি সংগ্রহ করতে হবে। জমা দেওয়ার তারিখ থেকে ৯০ দিনের মধ্যে নতুন লাইসেন্স ইস্যু কিংবা নবায়ন না হলে সরাসরি পরিচালকের সংগে যোগাযোগ করা যাবে। নতুন লাইসেন্সের ফরম ও নবায়ন ফরম উপ-পরিচালক (হাসপাতাল-২)-এর দপ্তর থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে। (গ) বিজ্ঞপ্তি প্রকাশের পর থেকে, বেসরকারী হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার ও ব্লাড ব্যাংক-এর নতুন লাইসেন্স ইস্যু এবং নবায়ন করবে স্বাস্থ্য অধিদপ্তর। উল্লেখ্য, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর মহোদয়ের অনুমোদনের পর নতুন লাইসেন্স ইস্যু করবে পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা। বেসরকারী হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার ও ব্লাড ব্যাংক-এর লাইসেন্স নবায়ন হবে পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা-এর দপ্তর থেকে। বিভাগীয় পরিচালক কিংবা সিভিল সার্জন-এর দপ্তর থেকে এসব লাইসেন্স নবায়ন হবে না। সকলের আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।

ইহাতে মহাপরিচালক মহোদয়ের সম্মতি আছে।

(ডাঃ কাজী জাহাঙ্গীর হোসেন PhD)

পরিচালক, হাসপাতাল ও ক্লিনিক সমূহ এবং
লাইন ডাইরেক্টর

হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট

ফোন নং-০২-৫৫০৬৭১৫০, ফ্যাক্সঃ ০২-৫৫০৬৭১৫১

E-mail: ihs@Id.dghs.gov.bd

এসসি-১৬৯০/১৭(৭'X৩)